শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

## কারারগাতী, গোপালগঞ্জ।

## "গ্রাহক সেবা নির্দেশিকা"

# টেলিফোন নম্বর সমূহ ঃ

দপ্তর প্রধান ঃ

| | |
|---|---|
| ❖ জেনারেল ম্যানেজার | ঃ ০১৭৬৯৪০০০৩২ |
| ❖ ডিজিএম (মুকসুদপুর) | ঃ ০১৭৬৯৪০০১৫৫ |
| ❖ ডিজিএম (কারিগরী) | ঃ ০১৭৬৯৪০২০৭৫ |
| ❖ ডিজিএম (কাশিয়ানী) | ঃ ০১৭৬৯৪০২০৭৬ |
| ❖ ডিজিএম (কোটালীপাড়া) | ঃ ০১৭৬৯৪০২১৮৯ |
| ❖ ডিজিএম (টুঙ্গিপাড়া) | ঃ ০১৭৬৯৪০৭১৪২ |
| ❖ এজিএম (ওএন্ডএম) সদর | ঃ ০১৭৬৯৪০০৪৬৭ |
| ❖ এজিএম (অর্থ) | ঃ ০১৭৬৯৪০০৪৬৮ |
| ❖ এজিএম (এমএস) | ঃ ০১৭৬৯৪০০৪৬৯ |
| ❖ এজিএম (প্রশাসন) | ঃ ০১৭৬৯৪০০৪৭০ |
| ❖ এজিএম (ওএন্ডএম)মুকসুদপুর | ঃ ০১৭৬৯৪০০৪৬৪ |
| ❖ এজিএম (ওএন্ডএম)কাশিয়ানী | ঃ ০১৭৬৯৪০০৪৬৫ |
| ❖ এজিএম (ওএন্ডএম)কোটালীপাড়া | ঃ ০১৭৬৯৪০০৪৬৬ |
| ❖ এজিএম (ওএন্ডএম)টুঙ্গিপাড়া | ঃ ০১৭৩০৭৯৪৭২৩ |

২) ➢ অন্যান্য অফিস ঃ

| | |
|---|---|
| ➢ সদর দপ্তর অভিযোগ কেন্দ্র | ঃ ০১৭৬৯৪০১২১০ |
| ➢ মুকসুদপুর অভিযোগ কেন্দ্র | ঃ ০১৭৬৯৪০১২১১ |
| ➢ কাশিয়ানী জোনাল অফিস | ঃ ০১৭৬৯৪০১২১২ |
| ➢ কোটালীপাড়া জোনাল অফিস | ঃ ০১৭৬৯৪০১২১৩ |
| ➢ টুঙ্গিপাড়া জোনাল অফিস | ঃ ০১৭৬৯৪০১২১৪ |
| ➢ টেকেরহাট এরিয়া অফিস | ঃ ০১৭৬৯৪০১২১৫ |
| ➢ রামদিয়া অভিযোগকেন্দ্র | ঃ ০১৭৬৯৪০১২১৬ |
| ➢ রাধাগঞ্জ অভিযোগ কেন্দ্র | ঃ ০১৭৬৯৪০১২১৭ |
| ➢ সাতপাড় অভিযোগ কেন্দ্র | ঃ ০১৭৬৯৪০১২১৮ |
| ➢ বান্ধাবাড়ী অভিযোগ কেন্দ্র | ঃ ০১৭৬৯৪০২০৩০ |

- টুঙ্গিপাড়া জোনাল অফিস ঃ ০১৭৬৯৪০১২১৪
- টেকেরহাট এরিয়া অফিস ঃ ০১৭৬৯৪০১২১৫
- রামদিয়া অভিযোগকেন্দ্র ঃ ০১৭৬৯৪০১২১৬
- রাধাগঞ্জ অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০১২১৭
- সাতপাড় অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০১২১৮
- বান্ধাবাড়ী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২০৩০
- গোপিনাথপুর অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২১৬১
- রাজপাট অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২০৭৭
- বাটিকামারী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৩২৪
- পীড়ারবাড়ী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৬৩৫
- বাঁশবাড়িয়া অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৩২৬


- গোপিনাথপুর অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২১৬১
- রাজপাট অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২০৭৭
- বাটিকামারী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৩২৪
- পীড়ারবাড়ী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৬৩৫
- বাঁশবাড়িয়া অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০২৩২৬

- বৌলতলী অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০৩১০৬
- ধারাবাশাইল অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০৭১২৪

উজানিয়া বাজার অভিযোগ কেন্দ্র ঃ ০১৭৬৯৪০৭১৪৩


ওয়েব সাইট ঃ www.pbs.gopalganj.gov.bd

ই-মেইল ঃ gopalgonj_pbs@yahoo.com

# গ্রাহক সেবা কেন্দ্র (এক অবস্থানে সেবা)

পবিস সদর দপ্তর, কারারগাতী, গোপালগঞ্জ/মুকসুদপুর জোনাল অফিস/কাশিয়ানী জোনাল অফিস/ কোটালীপাড়া জোনাল অফিস/ টুঙ্গিপাড়া জোনাল অফিসের "এক অবস্থানে সেবা" কেন্দ্রে নতুন বিদ্যুৎ সংযোগ/বিদুৎ বিভ্রাট/বিল/মিটার/রুট লাইন স্থানান্তর সংক্রান্ত অভিযোগসহ সকল ধরণের ভিযোগ জানানো যাবে এবং এতদ্‌সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

## নতুন সংযোগ গ্রহণঃ

- নতুন সংযোগের জন্য গোপালগঞ্জ পবিসের অন-লাইন (www.pbs.gopalganj.gov.bd) হতে প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করে অন-লাইনে সংযোগের জন্য আবেদন করুন।
- অন-লাইনে আবেদন পত্রটি যথাযথভাবে পূরণ পূর্বক প্রিন্ট আউট নিয়ে প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত আবেদন ফি পবিসের ক্যাশ কাউন্টারে জমা প্রদান করে জমা রশিদ সংগ্রহকরতে হবে।
- আবেদন ফি জমা হওয়ার পর সদস্য সেবা বিভাগ কর্তৃক প্রাথমিক সমীক্ষা/যাচাই করে এবং প্রযোজ্য ক্ষেত্রে কারিগরি বিভাগ কর্তৃক কারিগরী সমীক্ষার পর লাইন নির্মাণসহ সংযোগের জন্য ডিমান্ড নোট/প্রাক্কলন ইস্যু করা হয়।
- ডিপোজিট ওয়ার্কের আওতায় লাইন নির্মাণের ক্ষেত্রে ট্রান্সফরমার প্রয়োজন হলে গ্রাহক কর্তৃক তা সরবরাহ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
- প্রাক্কলন জমা হওয়ার পর প্রযোজ্য ক্ষেত্রে লাইন নির্মানের পর ও গ্রাহকের নিজ দায়িত্বে অভ্যন্তরীন ওয়্যারিং সম্পন্ন করণের পর তা পরিদর্শন সাপেক্ষে আনুষাঙ্গিক কার্যাদি সম্পন্ন করে গ্রাহকের আঙ্গিনায় মিটার স্থাপন পূর্বক সংযোগ দেয়া হয়। সার্ভিস ড্রপের আওতায় আবাসিক সংযোগ ৭দিন এবং শিল্প সংযোগ ১৮দিনের মধ্যে প্রদান করা হয়।
- আবেদন ফি সহ আবেদনের পর কোন কারণে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা সম্ভবপর না হলে যথাসম্ভব দ্রুত তার কারণ জানিয়ে আবেদনকারীকে অবহিত করা হয়।
- সংযোগের পর পরবর্তী মাসের বিলিং সাইকেল অনুযায়ী গ্রাহকের প্রথম মাসের বিল জারি করা হয়।
- পরবর্তীতে ডিজাইন হওয়ার পর সদস্য হওয়া ও অফিস থেকে প্রযোজ্য মালামাল সরবরাহ সাপেক্ষে লাইন নির্মাণের ব্যবস্থা নেয়া হয়। এক্ষেত্রে লাইন নির্মাণের কোন অর্থ গ্রাহককে দিতে হবে না। লাইন নির্মানের পর ওয়্যারিং সম্পন্ন হওয়া সাপেক্ষে জামানত গ্রহণ করে মিটার স্থাপন পূর্বক সংযোগ দেয়া হয়।
- শিল্প, বানিজ্যিক ও অন্যান্য শ্রেণির সংযোগের (সেচ ব্যতীত) ক্ষেত্রে ৫০ কিঃওঃ লোড পর্যন্ত ট্রান্সফরমার ও ২ স্প্যান পর্যন্ত লাইন বিনামূল্যে সরবরাহ করা হয়।

**বিল সংক্রান্ত অভিযোগঃ** বিল সংক্রান্ত যে কোন অভিযোগ যেমনঃ চলতি মাসের বিল পাওয়া যায়নি, বকেয়া বিল, অতিরিক্ত বিল ইত্যাদির জন্য এক অবস্থানে সেবা কেন্দ্রে যোগাযোগ করলে তাৎক্ষনিক সমাধান সম্ভব হলে তা নিস্পত্তি করা হবে। অন্যথায় একটি নিবন্ধন নম্বর দিয়ে পরবর্তী যোগাযোগের সময় জানিয়ে দেয়া হবে এবং পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে নিস্পত্তির ব্যবস্থা নেয়া হবে। বিল পরিশোধঃ পবিস সদর দপ্তর, কারারগাতী, গোপালগঞ্জ/মুকসুদপুর জোনাল অফিস/কাশিয়ানী জোনাল অফিস/ কোটালীপাড়া জোনাল অফিস/ টুঙ্গিপাড়া জোনাল অফিসের ক্যাশ কাউন্টারে অথবা সংশ্লিষ্ট এলাকার নির্ধারিত ব্যাংকে গ্রাহকগণ বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন। এছাড়াও এসএমএস ও ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রের/টেলিটক/বিকাশ/রকেট এর মাধ্যমে ইতিমধ্যেই বিদ্যুৎ বিল আদায়ের কার্যক্রম শুরু হয়েছে। বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগঃ পবিস সদর দপ্তর, কারারগাতী, গোপালগঞ্জ/মুকসুদপুর জোনাল অফিস/কাশিয়ানী জোনাল অফিস/ কোটালীপাড়া জোনাল অফিস/ টুঙ্গিপাড়া সাব জোনাল অফিস অথবা সংশ্লিষ্ট এলাকার অভিযোগ কেন্দ্রে আপনার বিদ্যুৎ বিভ্রাটের অভিযোগ জানানো হলে, আপনাকে অভিযোগ নম্বর ও নিস্পত্তির সম্ভাব্য সময় জানিয়ে দেয়া হবে।

## গ্রাহকের নাম পরিবর্তনের পদ্ধতি ঃ

গ্রাহক ক্রয়সূত্রে/ ওয়ারিশসূত্রে/ লিজসূত্রে জায়গা বা প্রতিষ্ঠানের মালিক হলে সকল দলিলের সত্যায়িত ফটোকপি ও সর্বশেষ পরিশোধিত বিলের কপিসহ নির্ধারিত ফি জমা করে আবেদন করতে হবে। সরোজমিনে তদন্ত করে নাম পরিবর্তনের জন্য বিদ্যমান হারে নতুন নামে জামানত প্রদান করতে হবে। মৃত্যুজনিত কারন হলে স্থানীয় প্রতিনিধি কর্তৃক সনদ এবং অপরাপর উত্তরাধিকারীদের লিখিত সম্মতি প্রয়োজন হবে। গ্রাহক জামানত বাবদ উক্ত বিল নির্ধারিত সময়ে পরিশোধ করে তার রশিদ জমা দিলে ৭(সাত) দিনের মধ্যে নাম পরিবর্তন কার্যকর করা হবে। পার্শ্বসংযোগঃ গ্রাহক কোন অবস্থাতেই পার্শ্ব সংযোগ প্রদান করতে পারবে না। পার্শ্ব সংযোগের আলামত পাওয়া গেলে পবিস এর বিধান মোতাবেক জরিমানা আরোপ ও পার্শ্বসংযোগের ফলে পবিস এর বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার কোন সরঞ্জমাদি নষ্ট হলে তার ১০০% মূল্যসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার, মিটারে হস্তক্ষেপ, বাইপাস, বিনা অনুমতিতে সংযোগ গ্রহন ইত্যাদি ক্ষেত্রে আইনগত ব্যবস্থা ঃ

বিদ্যুৎ আইনের (Electricity Act, 1910 & As Amended -The Electricity (Amendment) Act, 2006) ৩৯ ধারা অনুসারে এ ক্ষেত্রে ন্যুনতম ১ বছর হতে ৫ বছর পর্যন্ত জেল এবং ১০ হাজার টাকা জরিমানা অথবা উভয় শাস্তির বিধান রয়েছে। তাছাড়া, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারের জন্য প্রাক্কলিত/ ক্ষতিগ্রস্থ বিদ্যুৎ বিল প্রদান করতে হবে। এছাড়াও উক্ত বিদ্যুৎ ব্যবহারের দ্বারা যদি বিদ্যুৎ সরবরাহ সংস্থার বৈদ্যুতিক সরঞ্জাম, মিটার, মিটারিং ইউনিট ইত্যাদি ক্ষতিগ্রস্থ হয় তবে ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক সরঞ্জাম, মিটার, মিটারিং ইউনিট ইত্যাদি পুনরায় সচল করা গেলে মেরামত খরচ অথবা সম্পুর্ণ ধ্বংসপ্রাপ্ত বা পুনরায় সচল করা যাবে না এরূপ সরঞ্জামের জন্য পুনঃস্থাপনের ব্যয়সহ প্রকৃত মূল্য আদায় করা হবে।

## অবৈধ বিদ্যুৎ ব্যবহারের জন্য উপরোক্ত অর্থাদি ছাড়াও নিম্নোক্তহারে সাধারণ জরিমানা দিতে হবে।

| | |
|---|---|
| আবাসিক, বাণিজ্যিক, দাতব্য প্রতিষ্ঠান, ষ্ট্রিট লাইট | ৫০০.০০ টাকা। |
| সেচ সংযোগ | ২,০০০.০০ টাকা। |
| শিল্প (৪৫ কেভি এ পর্যন্ত) | ৫,০০০.০০ টাকা। |
| শিল্প (৪৫ হতে ৭৫ কেভি এ পর্যন্ত) | ৭,৫০০.০০ টাকা। |
| শিল্প (৭৫ কেভি এ এর উর্দ্ধে) | ১৫,০০০.০০ টাকা। |

### লোড পরিবর্তনঃ

- নতুন ভাবে লোড পরিবর্তন ফি প্রদান করতে হবে।
- প্রযোজ্য ক্ষেতে নতুন চুক্তিপত্র সম্পাদন করে করতে হবে।
- লোড বৃদ্ধির জন্য প্রযোজ্য অনুযায়ী লাইন আপগ্রেডের ব্যয় ও কিলোওয়াট প্রতি বিদ্যমান হারে জামানত প্রদান করতে হবে।

### ০১। আবাসিক নতুন বিদ্যুৎ সংযোগের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টরঃ

| | | | |
|---|---|---|---|
| ১। | জাতীয় পরিচয় পত্র/প্রযোজ্য ক্ষেত্রে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি; | অন লাইনের যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে | |
| ২। | জমির মালিকান দলিল বা লিজ ডিড বা নামজারীর কাগজ, মূল মালিক না থাকলে উত্তরাধিকার সনদ | ক) | আবেদনকারীর এক কপি (স্ক্যান) ছবি (মোবাইল নম্বরসহ) |
| ৩। | পূর্বের সংযোগ থাকলে পরিশোধিত বিলের কপি | খ) | জমির দলিল অথবা পর্চা অথবা নামজারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটর্নি এর স্ক্যান কপি। |
| ৪। | বহুতল ভবনের (১০ তলার অধিক) ক্ষেত্রে অগ্নি নির্বাপন সনদ | গ) | জাতীয় পরিচয় পত্রের নম্বর এন্ট্রি দিতে হবে। |
| ৫। | পৌরসভার অনুমোদিত বিল্ডিং প্ল্যান, হোল্ডিং নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | মোট ০৩টি | |

## ০২। আবাসিক/বানিজ্যিক (এইচ. টি) সংযোগের ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

| অফ লাইনের যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে( মোট ৩টি) | |
|---|---|
| ক) | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বরসহ) |
| খ) | জমির দলিল অথবা পর্চা অথবা নামজারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটর্নি এর সত্যায়িত কপি। |
| গ) | পূর্বের কোন স্থায়ী অথবা অস্থায়ী সংযোগ থাকিলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। |

## ০৩। সকল প্রকার শিল্প (এল. টি) সংযোগের ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

| অফ লাইনের যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে( মোট ৫টি) | |
|---|---|
| ক) | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বরসহ) |
| খ) | জমির দলিল অথবা পর্চা অথবা নামজারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটর্নি এর সত্যায়িত কপি। |
| গ) | পূর্বের কোন স্থায়ী অথবা অস্থায়ী সংযোগ থাকিলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। |
| ঘ) | ট্রেড লাইসেন্স অথবা শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। |
| ঙ) | লে-আউট প্ল্যানের কপি। |

বিঃদ্রঃ অন লাইন চালু হয়েছে অন লাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হল

## ০৪। সকল প্রকার শিল্প (এইচ. টি) সংযোগের ক্ষেত্রে নিম্নোক্ত দলিলাদি দাখিল করতে হবেঃ

| অফ লাইনের যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে( মোট ৫টি) | |
|---|---|
| ক) | আবেদনকারীর স্বাক্ষর সম্বলিত যথাযথভাবে পূরণকৃত ১ কপি ছবিসহ আবেদনপত্র (মোবাইল নম্বরসহ) |
| খ) | জমির দলিল অথবা পর্চা অথবা নামজারীর কাগজ অথবা ভাড়ার চুক্তিপত্র অথবা পাওয়ার অফ এ্যাটর্নি এর সত্যায়িত কপি। |
| গ) | পূর্বের কোন স্থায়ী অথবা অস্থায়ী সংযোগ থাকিলে সর্বশেষ পরিশোধিত বিলের ফটোকপি। |
| ঘ) | ট্রেড লাইসেন্স অথবা শিল্প নিবন্ধন সার্টিফিকেট এর সত্যায়িত কপি। |
| ঙ) | প্রস্তাবিত উপকেন্দ্রর লে-আউট সিঙ্গেল লাইন ডায়াগ্রাম। |

বিঃদ্রঃ অন লাইন চালু হওয়ার পর অন লাইনের যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবে, তা জানিয়ে দেওয়া হবে।

## নতুন সংযোগের জন্য আবেদন ফিঃ

| ক্র নং | শ্রেণী | | ফেজ বিবরণ | লোড চাহিদা | আবেদন ফি (টাকা) |
|---|---|---|---|---|---|
| ০১ | এলটি-এ, এলটি-বি, এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ই ও এলটি-টি | | এক ফেজ | ০-৭.৫কিঃওঃ | ১০০ |
| | | | তিন ফেজ | ০-৫০কিঃওঃ | ৩০০ |
| ০২ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ ও এমটি-৬ | | তিন ফেজ | ৫০কিঃওঃ হতে ৫মেঃওঃ | ১০০০ |
| ০৩ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ ও এইচটি-৪ | | তিন ফেজ | ৫মেঃওঃ হতে ৩০মেঃওঃ | ১০০০ |
| ০৪ | ইএইচটি-১ ও ইএইচটি-২ | | তিন ফেজ | ২০মেঃওঃ হতে ১৪০মেঃওঃ ও উর্ধ্বে | ২০০০ |
| ০৫ | অস্থায়ী সংযোগের ফি | এলটি | এক ফেজ | ০-৭.৫কিঃওঃ | ২৫০ |
| | | | তিন ফেজ | ০-৫০কিঃওঃ | ৫০০ |
| | | এমটি | তিন ফেজ | ৫০কিঃওঃ হতে ৫মেঃওঃ | ১০০০ |

## নতুন সংযোগের জন্য নিরাপত্তা জামানত সংক্রান্তঃ

| ক্র নং | গ্রাহক শ্রেণী | অনুমোদিত লোড (কিঃওঃ) | জামানতের হার (টাকা/কিঃওঃ) |
|---|---|---|---|
| ০১ | এলটি-এ এবং এলটি-বি | ২কিঃওঃ পর্যন্ত | ৪০০.০০ |
| ০২ | এলটি-এ এবং এলটি-বি | ২কিঃওঃ উর্দ্ধে | ৬০০.০০ |
| ০৩ | এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ই এবং এলটি-টি | ৫০কিঃওঃ পর্যন্ত | ৮০০.০০ |
| ০৪ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ এবং এমটি-৬ | ৫০কিঃওঃ হতে ৫মেঃওঃ | ১০০০.০০ |
| ০৫ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ এবং এইচটি-৪ | ৫মেঃওঃ হতে ৩০মেঃওঃ | ১০০০.০০ |
| ০৬ | ইএইচটি-১ এবং ইএইচটি-২ | ২০মেঃওঃ হতে ১৪০মেঃওঃ এবং ১৪০মেঃওঃ উর্দ্ধে | ২০০০.০০ |

বিঃ দ্রঃ ব্যক্তি মালিকানা জমি লীজ নিয়ে সংযোগ গ্রহণ করলে প্রতিকিলোওয়াট/কিলোওয়াটের অংশ বিশেষ লোডের জন্য অতিরিক্ত ১০০০ টাকা জমা দিতে হবে এবং সরকারী মালিকানা জমি লীজ নিয়ে সংযোগ গ্রহণ করলে প্রতি কিলোওয়াট/কিলোওয়াটের অংশ বিশেষ লোডের জন্য অতিরিক্ত ৫০০টাকা জমা দিতে হবে।

## ০৪। বকেয়ার কারণে সংযোগ বিচ্ছিন্নকরণ (ডিসি) চার্জ/বকেয়ার কারণে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ(আরসি) চার্জ নিম্নরুপঃ

| ক্র নং | গ্রাহক শ্রেণী | ফেজ বিবরণ | বিচ্ছিন্নকরণ চার্জ (টাকা) | পুনঃসংযোগ চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | এলটি-এ, এলটি-বি, এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১ | এক ফিজ | ৬০০.০০ | ৬০০ |
| | এলটি-ডি ২, এলটি-ই এবং এলটি-টি | তিন ফেজ | ১৫০০ | ১৫০০ |
| ০২ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ এবং এমটি-৬ | তিন ফেজ | ৬০০০ | ৬০০০ |
| ০৩ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ এবং এইচটি-৪ | তিন ফেজ | ৬০০০ | ৬০০০ |
| ০৪ | ইএইচটি-১ এবং ইএইচটি-২ | তিন ফেজ | ১০০০০ | ১০০০০ |

## ৫। গ্রাহক অনুরোধে সংযোগ বিচ্ছিন্নকরণ (ডিসি) চার্জ/ গ্রাহক অনুরোধে বিচ্ছিন্ন সংযোগ পুনঃসংযোগ(আরসি) চার্জ নিম্নরুপঃ

| ক্র নং | গ্রাহক শ্রেণী | ফেজ বিবরণ | বিচ্ছিন্নকরণ চার্জ (টাকা) | পুনঃসংযোগ চার্জ (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | এলটি-এ, এলটি-বি, এলটি-সি ১, এলটি-সি ২, | এক ফিজ | ২০০.০০ | ২০০.০০ |
| | এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ই এবং এলটি-টি | তিন ফেজ | ৪০০.০০ | ৪০০.০০ |
| ০২ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ এবং এমটি-৬ | তিন ফেজ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ০৩ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ এবং এইচটি-৪ | তিন ফেজ | ১০০০.০০ | ১০০০.০০ |
| ০৪ | ইএইচটি-১ এবং ইএইচটি-২ | তিন ফেজ | ২০০০.০ | ২০০০.০০ |

## ০৬। গ্রাহক অনুরোধে মিটার পরীক্ষা চার্জ নিম্নরুপঃ

| ক্র নং | গ্রাহক শ্রেণী | ফেজ বিবরণ | মিটার পরীক্ষা চার্জ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | এলটি-এ, এলটি-বি, এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ই এবং এলটি-টি | এক ফিজ | ২০০.০০ |
| | | তিন ফেজ | ৪০০.০০ |
| | | এলটিসিটি | ৬০০.০০ |
| ০২ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ এবং এমটি-৬ | তিন ফেজ | ১০০০.০০ |
| ০৩ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ এবং এইচটি-৪ | তিন ফেজ | ১০০০.০০ |
| ০৪ | ইএইচটি-১ এবং ইএইচটি-২ | তিন ফেজ | ২০০০.০০ |

## ০৭। গ্রাহক অনুরোধে গ্রাহক আঙ্গিনায় মিটার পরিদর্শন চার্জ নিম্নরুপঃ

| ক্র নং | গ্রাহক শ্রেণী | ফেজ বিবরণ | মিটার পরীক্ষা চার্জ (টাকা) |
|---|---|---|---|
| ০১ | এলটি-এ, এলটি-বি, এলটি-সি ১, এলটি-সি ২, এলটি-ডি ১, এলটি-ডি ২, এলটি-ই এবং এলটি-টি | এক ফিজ | ১৫০.০০ |
| | | তিন ফেজ | ৩০০.০০ |
| | | এলটিসিটি | ৫০০.০০ |
| ০২ | এমটি-১, এমটি-২, এমটি-৩, এমটি-৪, এমটি-৫ এবং এমটি-৬ | তিন ফেজ | ১০০০.০০ |
| ০৩ | এইচটি-১, এইচটি-২, এইচটি-৩ এবং এইচটি-৪ | তিন ফেজ | ১০০০.০০ |
| ০৪ | ইএইচটি-১ এবং ইএইচটি-২ | তিন ফেজ | ২০০০.০০ |

# শ্রেনী ভিত্তিক বিদ্যমান বিদ্যুতের মূল্যহার

| | গ্রাহক শ্রেণী | এনার্জি রেট/চার্জ (টাকা/কিঃওঃঘঃ) | ডিমান্ড রেট/চার্জ (টাকা/কিঃওঃ (অনুমোদিত লোড)/মাস) |
|---|---|---|---|
| ১ | এলটি-এ আবাসিক | | ৩০.০০ |
| | লাইফ লাইন ঃ ০-৫০ ইউনিট | ৩.৮৫ | |
| | প্রথম ধাপ ঃ ০-৭৫ইউনিট | ৪.১৯ | |
| | দ্বিতীয় ধাপ ঃ ৭৬-২০০ ইউনিট | ৫.৭২ | |
| | তৃতীয় ধাপ ঃ ২০১-৪০০ ইউনিট | ৬.০০ | |
| | চতুর্থ ধাপ ঃ ৩০১-৪০০ ইউনিট | ৬.৩৪ | |
| | পঞ্চম ধাপ ঃ ৪০১-৬০০ ইউনিট | ৯.৯৪ | |
| | ষষ্ঠ ধাপ ঃ ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১১.৪৬ | |
| ২ | এলটি-বিঃ সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৪.১৬ | ৩০.০০ |
| ৩ | এলটি-সি ১ঃ ক্ষুদ্র শিল্প | | ৩০.০০ |
| | ফ্লাট | ৮.৫৩ | |
| | অফ-পীক | ৭.৬৮ | |
| | পীক | ১০.২৪ | |
| ৪ | এলটি- সি ২ ঃ নির্মাণ | ১২.০০ | ১০০.০০ |
| ৫ | এলটি-ডি ১ ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৬.০২ | ৩৫.০০ |
| ৬ | এলটি-ডি ২ ঃ রাস্তার বাতি ও পানির পাম্প | ৭.৭০ | ৬০.০০ |
| ৭ | এলটি-ডি: ব্যাটারি চার্জিং স্টেশন | | ৬০ |
| | ফ্লাট | ৭.৬৪ | |
| | অফ-পীক | ৬.৮৮ | |
| | সুপার অফ-পীক | ৬.১১ | |
| | পীক | ৯.৫৫ | |
| ৮ | এলটি-ই: বাণিজ্যিক ও অফিস | | ৬০.০০ |
| | ফ্লাট | ১০.৩০ | |
| | অফ-পীক | ৯.২৭ | |
| | পীক | ১২.৩৬ | |
| ৯ | এলটি-টিঃ অস্থায়ী | ১৬.০০ | ১০০.০০ |

## খুঁটি/লাইন স্থানান্তর

- খুঁটি/লাইন স্থানান্তর করতে হলে ১৫০০/= টাকা আবেদন ফি+১৫% ভ্যাটজমা দিয়ে আবেদন করতে হবে। সমীক্ষা অনুযায়ী স্থানান্তরের প্রাক্কলিত অর্থ আবেদনকারী কর্তৃক জমা সাপেক্ষে ব্যবস্থা নেওয়া হবে।
- মিটার স্থানান্তরের ক্ষেত্রে একই ট্রান্সফরমারের আওতায় হলে ৫০০.০০ টাকা+১৫% ভ্যাট এবং ভিন্ন ট্রান্সফরমারের আওতায় হলে ১৫০০.০০ টাকা আবেদন ফি+১৫% ভ্যাট বাবদ জমা দিতে হবে।

## সম্মানিত গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয়

- সান্ধ্য পিক-আওয়ারে (বিকাল ৫.০০ ঘটিকা হতে রাত ১১.০০ ঘটিকা পর্যন্ত) বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হোন। আপনার সাশ্রয়কৃত বিদ্যুৎ অন্যকে আলো জ্বালাতে সহায়তা করবে।
- বিলম্ব মাশুল ও সংযোগ বিচ্ছিন্ন এড়াতে নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করুন এবং ঝামেলা মুক্ত থেকে বিদ্যুৎ সেবা উপভোগ করুন।
- বিদ্যুতের অপচয় রোধ কল্পে অফিস, আদালত, কাঁচাবাজার, দোকান-পাট ও বাসা বাড়ি ইত্যাদিতে সিএফএল বাল্বের পরিবর্তে অধিক বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি বাল্ব ব্যবহার করুন এবং দঅধিক বিদ্যুৎ সাশ্রয়ী বৈদ্যুতিক সরঞ্জাম ব্যবহার করুন।
- সুপার মার্কেট, পেট্রোল পাম্প, সিএনজি গ্যাস স্টেশন ও বিপনি-বিতানগুলোতে প্রয়োজনের অতিরিক্ত বাতি ব্যবহার পরিহার করুন এবং এয়ারকুলারের তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াস বা তার উপরে রাখুন।
- গ্রীড বিদ্যুতের পাশাপাশি সোলার প্যানেলের মাধ্যমে সৌর বিদ্যুৎ ব্যবহারে উদ্যোগী হউন।
- দিনের বেলায় জানালার পর্দা সরিয়ে রাখুন, সূর্যের আলো ব্যবহার করুন ও ঘর হতে বের হওয়ার সময় বৈদ্যুতিক সুইচ বন্ধ করুন। প্রয়োজন না হলে কম্পিউটার, টিভি, এসি ও অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখুন।
- বিদ্যুৎ কম ব্যবহার করলে বিল কম দিতে হবে অর্থাৎ বিদ্যুৎ খরচ কম হলে আপনার লাভ-তথা দেশের লাভ।
- টিউব লাইটে Electronic Ballast(ইলেকট্রনিক ব্যালাষ্ট) ব্যবহার করে বিদ্যুৎ সাশ্রয় করুন। বিদ্যুৎ একটি মূল্যবান জাতীয় সম্পদ। দেশের বৃহত্তর স্বার্থে এই সম্পদের সুষ্ঠু ও পরিমিত ব্যবহারে ভূমিকা রাখুন।
- বৎসরান্তে পবিস হতে বিদ্যুৎ বিল পরিশোধের প্রত্যয়ন পত্র প্রদান করা হয়ে থাকে।
- মিটার রক্ষনাবেক্ষণের দায়িত্ব আপনার। এর সঠিক সুষ্ঠু অবস্থা ও সীল সমূহের নিরাপত্তা নিশ্চিত করুন।
- লোড শেডিং সংক্রান্ত তথ্য পবিসের সদর দপ্তর, কারারগাতী, গোপালগঞ্জ/মুকসুদপুর জোনাল অফিস/কাশিয়ানী জোনাল অফিস/কোটালীপাড়া জোনাল অফিস/টুঙ্গিপাড়া সাব জোনাল অফিস অফিসের সংশ্লিষ্ট এলাকার এরিয়া অফিস/অভিযোগ কেন্দ্র থেকে জানা যাবে।
- পার্শ্ব সংযোগের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার বে-আইনী এবং ঝুঁকিপূর্ণ। পার্শ্ব সংযোগের তার ছিঁড়ে গিয়ে/লিক হয়ে তাৎক্ষনিক বৈদ্যুতিক দূর্ঘটনা ঘটতে পারে। পার্শ্ব সংযোগ প্রদান পরিহার করুন। বৈধভাবে বিদ্যুৎ সংযোগ গ্রহণের জন্য অফিসে যোগাযোগ করুন।

- হুকিং/অবৈধ ভাবে বিদ্যুৎ ব্যবহার করলে আর্থিক জরিমানা/ফৌজদারী মামলা হতে পারে। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার করলে বৈদ্যুতিক দূর্ঘটনা ঘটতে পারে। সুতরাং অবৈধ বিদ্যুৎ ব্যবহার পরিহার করুন।
- বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার থেকে নিজে বিরত থাকুন ও অন্যকে নিবৃত করুন। পার্শ্ব সংযোগসহ বিদ্যুৎ চুরি ও এর অবৈধ ব্যবহার রোধে আপনার জ্ঞাত তথ্য পবিসের সদর দপ্তর, কারারগাতী, গোপালগঞ্জ/মুকসুদপুর জোনাল অফিস/কাশিয়ানী জোনাল অফিস/কোটালীপাড়া জোনাল অফিস/টুঙ্গিপাড়া সাব জোনাল অফিসের এক অবস্থানে সেবা/অভিযোগ কেন্দ্র ও সংশ্লিষ্ট এলাকার এরিয়া অফিস/অভিযোগ কেন্দ্রে অবহিত করে অফিসকে সহযোগিতা করুন।
- গাছ কেটে বৈদ্যুতিক তারে ফেললে জীবনহানি ঘটতে পারে/বৈদ্যুতিক সরঞ্জাম নষ্ট হতে পারে। বিদ্যুৎ অফিস কর্তৃক বিদ্যমান লাইনের উভয় পার্শ্বে ১০ফুট করে গাছপালা কেটে দেওয়া হয়। নিরাপত্তার স্বার্থে গাছপালা কর্তনে অফিসকে সহযোগিতা করুন এবং বৈদ্যুতিক লাইনের নীচে ঝুঁকিপূর্ণ গাছপালা/লতা জাতীয় সবজি রোপণ পরিহার করুন।
- একটি সংঘবদ্ধ চক্র চালু লাইন হতে ট্রান্সফরমার/বৈদ্যুতিক যন্ত্রপাতি/তার চুরির সাথে জড়িত। সুতরাং আপনার এলাকার উপরোক্ত চুরি রোধে তথ্য দিয়ে অফিসকে সহযোগিতা করুন।
- অবৈধভাবে অটোরিক্স/ইজিবাইকে বিদ্যুৎ ব্যবহার থেকে বিরত থাকুন এবং এর বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তুলুন।
- সার্ভিস ড্রপ তার/বৈদ্যুতিক তারে কাপড় চোপড় শুকানো পরিহার করুন। বৈদ্যুতিক লাইনের টানা তার/খুঁটির সাথে গবাদি পশু বাঁধবেন না।
- বৈদ্যুতিক লাইনের খুঁটিতে ডিসের তার টানা এবং লাইনের কাছাকাছি ডিস এ্যান্টেনা স্থাপন পরিহার  করুন।
- বৈদ্যুতিক ছেঁড়া তার স্পর্শ করবেন না, ছেঁড়া তার হতে নিজে নিরাপদ থাকুন, অন্যকে নিরাপদে রাখুন। বৈদ্যুতিক তার ছিঁড়ে গেলে ও বৈদ্যুতিক সরঞ্জামে আগুন লাগলে জরুরী ভিত্তিতে বিদ্যুৎ অফিসকে অবহিত করুন। পোলের টানা তার স্পর্শ করবেন না।
- বিদ্যুৎ সংযোগের নামে অবৈধভাবে অর্থ লেনদেন হতে বিরত থাকুন। দুর্নীতি প্রতিরোধে অফিসকে তথ্য দিয়ে সহায়তা করুন।
- বিদ্যুৎ একটি জাতীয় সম্পদ ইহার যথাযথ ব্যবহার নিশ্চিত করা আমাদের সকলের নৈতিক দায়িত্ব। বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি/কৌশল ব্যবহারের মাধ্যমে বিদ্যুৎ সাশ্রয় করে আর্থিক ভাবে লাভবান হোন। আপনার সাশ্রয়কৃত বিদ্যুৎ অন্যকে ব্যবহার করার সুযোগ দিন এবং বিদ্যুতের ঘাটতি তথা লোড শেডিং মোকাবেলায় সরকারকে সহায়তা করুন।